

“শিক্ষা নিয়ে গড়ব দেশ,  
শেখ হাসিনার বাংলাদেশ”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি শিক্ষা অধিদপ্তর  
শাখা-২ (সমন্বয়, এপিএ এবং আইসিটি)  
এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা  
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭  
[www.techedu.gov.bd](http://www.techedu.gov.bd)



স্মারক নং-৫৭.০৩.০০০০.০২৩.৩৯.০০৭.২৩-০১

তারিখ: ২৩/০১/২০২৩ খ্রি।

**বিষয়: HRMIS Software-এ কর্মকর্তা-কর্মচারীগণের PDS [Personal Data Sheet] হালনাগাদকরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন সরকারি প্রতিষ্ঠানে কর্মরত শিক্ষক-কর্মকর্তা ও কর্মচারীগণের প্রশিক্ষণ, বদলি, পদোন্নতিসহ সকল ধরনের সংস্থাপন/প্রশাসনিক কার্যক্রমের ক্ষেত্রে HRMIS ID ও তথ্যাদি হালনাগাদ থাকা আবশ্যিক। HRMIS ডাটাবেইসে হালনাগাদ তথ্যাদি বা সদ্য যোগদানকৃতদের HRMIS ID না থাকায় দাপ্তরিক কার্যক্রমে বিঘ্ন ঘটছে। ফলে জরুরী ভিত্তিতে এতৎসঙ্গে সংযুক্ত ইউজার ম্যানুয়াল অনুযায়ী প্রত্যেক শিক্ষক-কর্মকর্তা ও কর্মচারীগণ তাদের তথ্যাদি হালনাগাদসহ যে সকল শিক্ষক-কর্মকর্তা ও কর্মচারীগণের HRMIS ID নাই তাদের HRMIS Enrollment Form যথাযথভাবে পূরণপূর্বক অধিদপ্তরের ই-মেইল [techedu09@gmail.com](mailto:techedu09@gmail.com)-এ প্রেরণ করে HRMIS ID সংগ্রহ এবং পরবর্তীতে ইউজার ম্যানুয়াল অনুযায়ী তথ্যাদি হালনাগাদ করা প্রয়োজন।

২। এমতাবস্থায়, কার্যক্রমসমূহ সম্পন্ন করে প্রতিবেদন বিনা ব্যর্থতায় আগামী ৩১/০১/২০২৩খ্রি. তারিখের মধ্যে অধিদপ্তরে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য উপরোক্ত কার্যক্রম সম্পাদনে ব্যত্যয় হলে সংশ্লিষ্ট ব্যক্তি এবং প্রতিষ্ঠান প্রধান উভয়ই দায়ী থাকবেন।

### “বিষয়টি অতীব জরুরী”

সংযুক্তি: ১। ইউজার ম্যানুয়াল;

২। HRMIS Enrollment Form.

  
(প্রকৌ. মোঃ জয়নাল আবেদীন)  
পরিচালক (প্রশাসন)  
কারিগরি শিক্ষা অধিদপ্তর

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. পরিচালক (সকল), আঞ্চলিক পরিচালকের কার্যালয়।
২. অধ্যক্ষ (সকল), ইঞ্জিনিয়ারিং কলেজ/টিটিসি/পলিটেকনিক/মনোটেকনিক/ ভিটিটিআই/টিএসসি।
৩. ইকুইপমেন্ট অফিসার, সেন্ট্রাল স্টোর-কাম-সার্ভিস-ওয়ার্কশপ।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. পরিচালক (সকল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭।
২. সহকারী পরিচালক (সকল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭।
৩. ভারপ্রাপ্ত কর্মকর্তা (আইসিটি সেল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭ [পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]।
৪. মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭ [মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য]।
৫. সংরক্ষণ নথি।